কুষ্টিয়ায় বিজিবি’র অভিযানে ১ কেজি হেরোইন উদ্ধার

কুষ্টিয়ার মিরপুরে বিজিবি অভিযান চালিয়ে ১ কেজি হেরোইন উদ্ধার করেছে। গতকাল বুধবার দুপুর সোয়া ১২টায় কুষ্টিয়া-প্রাগপুর সড়কের কদমতলা বাজারে যাত্রীবাহী বাসে তল্লাশী অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় বিপুল পরিমাণ এ হেরোইন উদ্ধার করা হয়।

বিজিবি সূত্র জানায়, সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে বুধবার দুপুরে কুষ্টিয়া সেক্টরের ৪৭ বিজিবি ব্যাটালিয়ন এর উপ-অধিনায়ক মেজর মো. রকিবুল ইসলাম পিএসসি’র নেতৃত্বে বিজিবি’র টহল দল প্রাগপুর থেকে ছেড়ে আসা কুষ্টিয়াগামী যাত্রীবাহী তানভির রোহান (চাঁদপুর জ-১১-০০১৫) পরিবহনে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালায়।

এসময় বাসে তল্লাশি চালিয়ে মালিকবিহীন অবস্থায় ভারতীয় এক কেজি হেরোইন উদ্ধার করে বিজিবি। মাদক উদ্ধার অভিযানের ঘটনায় মিরপুর থানায় জিডি এন্ট্রি করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে বিজিবি সূত্র নিশ্চিত করেছেন।

মেহেরপুরে হেরোইনসহ দু মাদক কারবারি আটক

৩ গ্রাম হেরোইনসহ ২ মাদক কারবারিকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।
আটকরা হলেন, মেহেরপুর শহরের ক্যাশবপাড়া এলাকার আহমদুল্লাহর ছেলে মিঠু (৪৫) ও বেড়পাড়া এলাকার আব্দুর রবের ছেলে হাবিব (৪০)। শনিবার দিবাগত রাত ১০ টার দিকে মেহেরপুর শহরে অভিযান চালিয়ে তাদের আটক করেন।
মেহেরপুর সদর থানার উপপরিদর্শক(এসআই) সুমন মিয়া গোপন সংবাদের ভিত্তিত্বে সঙ্গীয়ফোর্সসহ অভিযান চালিয়ে এই দুই মাদক কারবারিকে আটক করেন। এসময় তাদের কাছ থেকে ৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

হেরোইন উদ্ধারের ঘটনায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) এর ৮(ক) ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ১২, তারিখ ১৩/০৫/২০২৩ ইং।
আটককৃতদের আজ রবিবার (১৪ মে) দুপুরের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনায় রুপসা এক্সপ্রেস থেকে ১ কেজি হেরোইন উদ্ধার

চিলাহাটি থেকে ছেড়ে আসা ট্রেন অভিযান চালিয়ে দর্শনা ৬ বিজিবি ১কেজি ১শ গ্রাম হেরোইন উদ্ধার করেছে।
জানাগেছে গতকাল বুধবার দুপুর ২ টার দিকে ৬ বিজিবির পরিচালক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি নেতৃত্বে অভিযান চালায় দর্শনা হল্ট ষ্টেশনে।

এ সময় দর্শনা বিওপি কমান্ডার সুবেদার নওশের আলী সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় রুপসা এক্সপ্রেস ট্রেনে। এ সময় বিজিবি রুপসা এক্সপ্রেসের দ্বিতীয় বগির ভিতর ক্যারিয়ার এর উপর একটি স্কুল ব্যাগ দেখতে পায়। বিজিবি ব্যাগ তল্লাশি করে ১কেজি ১শ গ্রাম হেরোইন উদ্ধার করে।বিজিবি ব্যাগের মালিক না পাওয়ায় কাউকে আটক করতে পারেনী।

বিজিবি জানায় দর্শনা সীমান্তের পিলার ৭৭/২-এস হতে আনুমানিক ৩.৫ কিঃ মিঃবাংলাদেশের অভ্যন্তরে দর্শনা রেল ষ্টেশন থেকে এ হেরোইন আটক করে।এ ঘটনায় সুবেদার নওশের আলী বাদি হয়ে দর্শনা থানায় মামলার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনা হল্ট স্টেশনে বিজিবির অভিযান, ২২লাখ টাকার হেরোইন উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা হল্ট স্টেশনে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেছে বিজিবি। এ অভিযানে চাপাইনবাবগঞ্জ হতে ছেড়ে আসা খুলনা গামী মহানন্দা এক্সপ্রেসে ট্রেনে অভিযান চালিয়ে ভারতীয় ১ কেজি হেরোইন উদ্ধার করেছে। যার আনুমানিক মৃল্য ২২ লক্ষ টাকা।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে সাংবাদিকদের জানান, চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত দর্শনা রেলওয়ে ষ্টেশন হয়ে চাপাইনবাবগঞ্জ হতে ছেড়ে আসা খুলনাগামী মহানন্দা এক্সপ্রেস ট্রেনে ভারতীয় হিরোইন পাচার করা হবে এমন প্রাপ্ত বিশেষ তথ্যের ভিত্তিতে গতকাল সোমবার দুপুর দেড় টার দিকে দর্শনা বিওপি কমান্ডার সুবেদার নওশের আলী সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৭৭/২-এস হতে আনুমানিক ৩.৫ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে দর্শনা রেলওয়ে হল্ট ষ্টেশনে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে।

অভিযান পরিচালনাকালে বিজিবি সশস্ত্র টহলদল চাপাইনবাবগঞ্জ হতে খুলনা অভিমূখী ছেড়ে আসা মহানন্দা এক্সপ্রেসের দ্বিতীয় বগির ভিতর ক্যরিয়ারের উপর টিয়া রংয়ের একটি শপিং ব্যাগ দেখতে পায়। টহলদল উক্ত ব্যাগের মালিকানা না পাওয়ায় ব্যাগটি জব্দ করে পরবর্তীতে জব্দকৃত ব্যাগটি খুলে তার ভিতরে থাকা দুইটি লাল রংয়ের ব্যাগের ভিতর ছোট বড় ৯ টি পলিথিনের প্যাকেট হতে ১ কেজি ভারতীয় হিরোইন উদ্ধার করতে সক্ষম হয়।

এ ব্যাপারে সুবেদার মোঃ নওশের আলী বাদী হয়ে পরবর্তী আইনগত প্রক্রিয়া সম্পন্ন করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।
এমন তথ্য সাংবাদিকদের এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানান চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি।